তথ্যবিবরণী নম্বর-৮৯

# অসৎ লোকের কাজকর্মে সমাজ ধ্বংস হয় না, ধ্বংস হয় সৎ লোকের নীরবতায়

**- সিনিয়র স্বরাষ্ট্র সচিব**

রাজশাহী; ১৯ আশ্বিন (৪ অক্টোবর):

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব নাসিমুল গনি বলেছেন, অসৎ লোকের কাজকর্মে কখনো সমাজ ধ্বংস হয় না, ধ্বংস হয় সৎ লোকের নীরবতায়। দেশের ৪০ শতাংশ হচ্ছে জেন-জি, তারাই ৩৬ জুলাই অভ্যুত্থান ঘটিয়েছে। তারা আমাদের কাছে সুবিচার প্রত্যাশা করে।

আজ শনিবার (৪ অক্টোবর) সকালে রাজশাহী পিটিআই মিলনায়তনে বিভাগীয় ও জেলা পর্যায়ের সরকারি কর্মকর্তাদের সাথে দেশের পরিবর্তিত পরিস্থিতিতে সরকারি কর্মকর্তাদের ভূমিকা শীর্ষক মতবিনিময় সভায় তিনি এমন মন্তব্য করেন।

নাসিমুল গনি বলেন, আমরা আমাদের নতুন প্রজন্মের চাহিদার মতো করে দায়িত্ব পালন করতে পারিনি। তারা যে সুবিচার চায় তা শুধু বিচারকদের বিষয় নয়, সিভিল সার্ভিসে যারা আছেন তাদের সবার জন্য এটা প্রযোজ্য। আর একাজের জন্য অ্যাটিটিউড সবচেয়ে গুরুত্বপূর্ণ। সরকারি চাকুরি শুধু টাকা বানানোর মেশিন নয়, এটা হচ্ছে জনগণের প্রতি এবং স্রষ্টার প্রতি কর্তব্য পালন।

তিনি বলেন, ১৮৭৮ সালে পুলিশ থানা প্রতিষ্ঠার পর ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের সময়ও ২৪ ঘণ্টা থানাগুলো সার্ভিস দিয়ে গেছে, কিন্তু ২৪ এর আন্দোলনের সময় এর ব্যত্যয় ঘটেছে। এ সময় মেধা ও দক্ষতার ঘাটতি ছিল না, ঘাটতি ছিল আন্তরিকতার।

সুরা ছোয়াদের ২৬ নম্বর আয়াতের উদ্ধৃতি দিয়ে স্বরাষ্ট্র সচিব বলেন, আল্লাহ দাউদ (আ.) কে যেমন ভূখণ্ডের প্রতিনিধি বানানোর কথা বলেছেন আমাদের প্রধান উপদেষ্টাও তেমনি প্রতিনিধি। আর আমরা যারা সরকারি লোক তারা উপদেষ্টার চোখ, হাত, পা হিসেবে কাজ করছি।

বিপ্লবের বিশালতা ও গভীরতা অনুধাবন করাতে সচিব তাঁর বক্তৃতার মাঝে কয়েকটি তথ্যচিত্র প্রদর্শন করেন। এসময় তিনি অহংকার, হিংসা, লোভ, পরচর্চা, অন্ধ আনুগত্য পরিহার করে উদ্ভাবনী কার্যক্রম ও সুবিচার এবং সদ্ব্যবহার নিশ্চিত করার জন্য সরকারি কর্মকর্তাদের প্রতি আহ্বান জানান।

রাজশাহী বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ এর সভাপতিত্বে মতবিনিময় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজশাহী রেঞ্জের ডিআইজি মোহাম্মদ শাহজাহান, আরএমপি কমিশনার মোহাম্মদ আবু সুফিয়ান, জেলা প্রশাসক আফিয়া আখতারসহ বিভাগের আট জেলার কর্মকর্তাবৃন্দ।

..........................................................................

আলীম/তৌহিদ/আতিক/স্মিতা/২০২৫/১৫:৩০ঘ.